

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৮৪

১/ বিবিধ

আরবী

ليس لفاسق غيبة

باطل

رواه الطبراني في " المعجم الكبير " وأبو الشيخ في " التاريخ " (ص 236) وابن عدي (ق 61 / 2) وأبو بكر ابن سلمان الفقيه في " مجلس من الأمالي " (15 / 2) وأبو بكر الدقاق في " حديثه " (2 / 42 / 2) والهروي في " زم الكلام " (4 / 81 / 1) والقضاعي في " مسند الشهاب " (2 / 97) والواحدي في " التفسير " (4 / 82 / 1) وكذا الخطيب في " الكفاية " (ص 42) كل هؤلاء من طريق جعدبة بن يحيى الليثي: حدثنا العلاء بن بشر عن سفيان عن بهز بن حكيم عن أبيه عن جده مرفوعا. قلت: وهذا سند ضعيف جدا، جعدبة قال الدارقطني: " متروك ". والعلاء بن بشر ضعفه الأزدي. وذكره الحاكم فقال: " هذا الحديث غير صحيح "، وقال ابن حبان في " الثقات " في ترجمة العلاء: " روى عنه جعدبة بن يحيى مناكير ". وقال ابن عدي: " والعلاء بن بشر هذا لا يعرف، وهذا اللفظ غير معروف ". ونقل المناوي عنه عن أحمد أنه قال: " حديث منكر قلت: وقد وجدت له طريقا أخرى، رواه أبو نعيم في " أخبار أصبهان " (2 / 239 – 240) عن محمد بن يعقوب: حدثنا إبراهيم بن سلام المكي: حدثنا ابن أبي فديك عن جعفر بن محمد عن أبيه عن جده مرفوعا به. قلت: وهذا سند ضعيف محمد بن يعقوب هذا هو ابن أبي يعقوب أبو بكر ترجمه أبو نعيم ولم يذكر فيه جرحا ولا تعديلا، وإبراهيم بن سلام المكي لم أعرفه. والحديث ذكره ابن القيم في الموضوعات في

كتابة " المنار " وقال (ص 61) : " قال الدارقطني والخطيب: قد روي من طرق وهو باطل

বাংলা

৫৮৪। পাপাচারীর গীবাত করলে গীবাত হয় না।

হাদীছটি বাতিল।

এটি তাবারানী "আল-মুজামুল কাবীর" গ্রন্থে, আবুশ শাইখ "আত-তারীখ" (পৃ: ২৩৬) গ্রন্থে, ইবনু আদী (কাফ ২/৬১) ও আরো অনেকে জা'য়াদাবাহ ইবনু বাহয ইবনু হাকীম হতে ... মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। জায়াদাবাহ সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক। আল-আলা ইবনু বিশরকে আল-আযদী দুর্বল আখ্যা দিয়েছেন। হাদীছটি হাকিম উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়। ইবনু হিব্বান "আছ-ছিকাত" গ্রন্থে আল-আলার জীবনীতে বলেছেনঃ তার থেকে জায়াদাবাহ ইবনু ইয়াহইয়া মুনকার হাদীছ বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ আল-আলা ইবনু বিশরকে চেনা যায় না, আর এ ভাষা অপরিচিত।

মানবী ইবনু আদীর সূত্রে ইমাম আহমাদ হতে নকল করেছেন, তিনি বলেনঃ হাদীছটি মুনকার।

আমি (আলবানী) বলছিঃ আরেকটি সূত্র পেয়েছি। যেটি আবু নোয়াইম "আখবারু আসফাহান" (২/২৩৯-২৪০) গ্রন্থে মুহাম্মাদ ইবনু ইয়াকুব হতে তিনি ইবরাহীম ইবনু সালাম আল-মাক্কী হতে ... বর্ণনা করেছেন।

এ সনদটি দুর্বল। আবু নোয়াইম এই মুহাম্মাদ ইবনু ইয়াকুবের জীবনী বর্ণনা করেছেন, কিন্তু ভাল-মন্দ কিছুই বলেননি। এ ছাড়া ইবরাহীম ইবনু সালামকে আমি চিনি না। ইবনুল কাইয়িম হাদীছটি "আল-মানার" (পৃ. ১১) গ্রন্থে মাওযু হাদীছের অন্তর্ভুক্ত করেছেন।

দারাকুতনী এবং আল-খতীব বলেনঃ এটি বিভিন্ন সূত্রে বর্ণিত হয়েছে অথচ হাদিসটি বাতিল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71463>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন